বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd

মুজিব শতবর্ষ ১০০
শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২.০৮- ৪০৯ তারিখঃ ৩১-০৮-২১খ্রিঃ

# অফিস আদেশ

বিষয়ঃ **আঞ্চলিক পর্যায়ে Rate-Negotiation কমিটি পুনঃর্গঠন প্রসঙ্গে।**

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অধীন উন্নয়ন ও রাজস্ব বাজেটের আওতায় চলমান স্কিম বাস্তবায়নকালে বাস্তব অবস্থার প্রেক্ষিতে কখনো কখনো কার্যের ক্ষেত্রে কোন আইটেমের বিপরীতে সম্পাদিত কার্যের চূড়ান্ত পরিমাণ BOQ এ বর্ণিত পরিমাণ অপেক্ষা ২৫% এর অধিক এবং তা মূলচুক্তি মূল্যের ১% এর অধিক হয়; তাছাড়া, কখনো কখনো Non-Tendered Item এর অন্তর্ভূক্তির ও প্রয়োজন হয়। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৩৯(২০) অনুসারে সংশোধন প্রস্তাব অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণের পূর্বে ক্রয়কারী/প্রকল্প ব্যবস্থাপককে উপরোক্ত পরিস্থিতিতে নতুনভাবে দর নির্ধারণ করতে হয়।

চলমান উন্নয়নমূলক কাজের গতি নিরবিচ্ছিন্ন রাখার নিমিত্তে উপরোক্ত বিষয়সমূহের বস্তুনিষ্ঠভাবে বিশ্লেষণসহ প্রচলিত বিধিবিধান অনুসরণ পূর্বক সমঝোতার (Negotiation) ভিত্তিতে দর নির্ধারণ করার জন্য ইতোপূর্বে ২০-১২-২০১৮ খ্রিঃ তারিখের ৪৬.০২.০০০০.২০২.৯৯.০০২.১৮-২৭৩৮ নং স্মারকমূলে গঠিত কমিটি সংশোধনক্রমে নিম্নোক্তভাবে এলজিইডির প্রতিটি অঞ্চল পর্যায়ে একটি Rate-Negotiation কমিটি পূনঃর্গঠন করা হলোঃ

**Rate-Negotiation কমিটিঃ**

| | | |
|---|---|---|
| ১। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, সংশ্লিষ্ট অঞ্চল | আহ্বায়ক |
| ২। | প্রকল্প পরিচালকের প্রতিনিধি, এলজিইডি, সংশ্লিষ্ট প্রকল্প | সদস্য |
| ৩। | পরামর্শক, এলজিইডি, সংশ্লিষ্ট প্রকল্প, যদি থাকে। | সদস্য |
| ৪। | ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানের প্রতিনিধি, সংশ্লিষ্ট প্যাকেজ/লট। | সদস্য |
| ৫। | ক্রয়কারী, সংশ্লিষ্ট জেলা/উপজেলা/এলজিইডি বাজেটের আওতাভূক্ত সংশ্লিষ্ট পৌরসভা/সিটি কর্পোরেশন। | সদস্য-সচিব |

কমিটির কর্মপরিধিঃ

ক. Tendered Item এর ক্ষেত্রে যদি কোন আইটেমের বিপরীতে সম্পাদিত কার্যের চূড়ান্ত পরিমাণ BOQ এ বর্ণিত পরিমাণ অপেক্ষা ২৫% এর অধিক এবং তা মূলচুক্তি মূল্যের ১% এর অধিক হয় তাহলে সংশ্লিষ্ট আইটেমের দরসমূহ বিশ্লেষণ (Unit Rate Analysis) ও বাজারদর যাচাইসহ বিধি অনুযায়ী পরীক্ষা-নিরীক্ষা পূর্বক দর নির্ধারণ করা;

খ. Non-Tendered Item এর Technical Specoification প্রস্তুত পুবৃক দর বিশ্লেষণ (Unit Rate Analysis) ও বাজারদর যাচাইসহ প্রচলিত বিধিবিধান অনুসরণ পূর্বক দর নির্ধারণ করা;

গ. উপরোক্ত (ক-খ) পদ্ধতিতে দর নির্ধারণ করার পর ক্রয়কারী কর্তৃক পূর্ণাঙ্গভাবে ভেরিয়েশন প্রস্তাব প্রস্তুত করে তা অনুমোদনকারী কতৃপক্ষের নিকট অনুমোদনের নিমিত্তে সুপারিশসহ প্রেরণ করা।

উল্লিখিত কমিটি প্রয়োজনে যে কোন কর্মকর্তা/পরামর্শক/ব্যক্তি/প্রতিষ্ঠানের সহায়তা গ্রহণ কতে পারবেন।

৩১/০৮/২০২১
**(মোঃ আব্দুর রশীদ খান)**
প্রধান প্রকৌশলী
ফোনঃ ০২-৫৮১৫২৮০২
ই-মেইলঃ ce@lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২.০৮- তারিখঃ

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/বিভাগ।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/অঞ্চল।
৩। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিটিকর্পোরেশন (সকল), জেলা:............................।
৪। প্রকল্প পরিচালক (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৫। নির্বাহী প্রকৌশলী (সকল), এলজিইডি, জেলা:............................।
৬। উপজেলা প্রকৌশলী (সকল), এলজিইডি, .................উপজেলা, জেলা: ..................।
৭। মেয়র (সকল), ........................পৌরসভা, জেলা: ........................।

৩১/০৮/২১
**(মো: আব্দুস সাত্তার)**
নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট)